গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**রেলপথ মন্ত্রণালয়**

**বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা**

www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০১.১৯(অংশ-১)-১৫৯

তারিখ: ১৪ কার্তিক ১৪২৬ / ৩০ অক্টোবর ২০১৯

**বিষয়: বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের **বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম কোয়ার্টারের (জুলাই, ২০১৯ – সেপ্টেম্বর, ২০১৯) বাস্তবায়ন** পর্যালোচনার নিমিত্ত **১৩.১০.২০১৯** তারিখে অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

৩০/১০/২০১৯

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ০১৭১১৬৯২৯২৭
ই-মেইল: ime2@mor.gov.bd

**বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে):**

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৪। যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫। সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।
০৬। উপসচিব (প্রশাসন-১/২/৩/৪/উন্নয়ন-১/২/বা: প: ও মূল্যায়ন-১/২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব (বাজেট/অডিট-১/২) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৯। সিনিয়র প্লানিং অফিসার-১, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

০১। যুগ্ম-সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। জনাব মুহাম্মাদ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রেলপথ মন্ত্রণালয়**
**বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা**
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯ – সেপ্টেম্বর ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অনুমোদনের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোফাজ্জেল হোসেন, সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ১৩.১০.২০১৯ |
| সময় | : | বেলা ০৩.৩০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ ( কক্ষ নং-২১১, ২য় তলা), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট‘ক’ দ্রষ্টব্য

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি প্রতি কোয়ার্টার শেষে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রি করতে হবে। এলক্ষ্যে তিনি যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ) কে ২০১৯-২০ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯ – সেপ্টেম্বর ২০১৯) রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে অনুরোধ করেন।

০৩। যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ) জানান যে, ২০১৯-২০ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯ – সেপ্টেম্বর ২০১৯) রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা, অনুমোদন ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। তিনি আরো জানান, রেলপথ মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগ ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশ্লিষ্ট বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বারবার তাগিদ দেয়া সত্ত্বেও যথাসময়ে পাওয়া যায়না। APA টিম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত সকল কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নের সাথে সরাসরি জড়িত নয়। বিভিন্ন অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করা হলে তা পর্যালোচনা ও সমন্বয় করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হয় বিধায় নির্ধারিত সময়ের মধ্যেই প্রমাণকসহ রিপোর্টসমূহ প্রাপ্তি জরুরী। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত বিষয়সমূহের লক্ষ্যমাত্রা যথাসময়ে বাস্তবায়ন/অর্জনের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে পত্র মারফত এবং মৌখিকভাবে বারবার অনুরোধ করা সত্ত্বেও সময়মত প্রতিবেদন না পাওয়ায় সময়াবদ্ধ কাজ সম্পন্নকরণে ব্যাঘাত ঘটে বিধায় এ ব্যাপারে সবাইকে ভবিষ্যতে সচেষ্ট থাকার অনুরোধ জানান। এ পর্যায়ে তিনি উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের অনুরোধ করেন।

০৪। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম মূলত: রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন কাজের সংমিশ্রণ। তিনি

এপিএ এর কার্যক্রমসমূহের খাতওয়ারী লক্ষ্যমাত্রা ও এর বিপরীতে অর্জনসমূহ বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন। এপিএ'র অন্তর্ভুক্ত উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্পের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন/অর্জনের বিষয়ে বাংলাদেশ রেলওয়ের প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিচালক (প্রকৌশল), অর্থনীতিবিদ ও বাংলাদেশ রেলওয়ের এপিএ'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিস্তারিত আলোচনা করেন এবং বলেন, এ অর্থবছরের নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সবাই সচেষ্ট থাকবেন।

০৫। সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে মন্ত্রণালয়ের ভাবমূর্তি বৃদ্ধি পায় ও বার্ষিক মূল্যায়ন কার্যক্রম এর প্রতিফলন ঘটে। তাই মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন/পর্যবেক্ষণের বিষয় বিবেচনায় রেখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অধিকতর উদ্যোগী হওয়ার জন্য তিনি অনুরোধ জানান।

০৬। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

৬.১ রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯ – সেপ্টেম্বর ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; ইহা নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রি করতে হবে।

৬.২ রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে যথাসময়ে সকল তথ্য-উপাত্ত মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অনুবিভাগ, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরকে সচেষ্ট থাকতে হবে।

৬.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকদের নিয়ে মন্ত্রণালয়ের এপিএ টিমকে ছোট ছোট সভা করতে হবে।

০৭। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
রেলপথ মন্ত্রণালয়।